5000Rs.

INDIA NON JUDICIAL

५000रू.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

॥ ১,২০,০০০, টাকা পণে সাফ বিক্রয় কোবালা পত্র ॥

ক্রেতা :– শ্রী বাবলু মণ্ডল পিতা শ্রী রমন কৃষ্ণ মণ্ডল, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং অর্জুনপুর পূর্ব, থানা রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগণা।

বিক্রেতা :– ১) শ্রী অলোক কুমার ঘোষ ২) শ্রী স্বপন কুমার ঘোষ উভয়ের পিতা মৃত নগেন্দ্র নাথ ঘোষ, জাতি হিন্দু, পেশা অবসরপ্রাপ্ত বিষয়ভোগী, সাং গোপালপুর, থানা এয়ারপোর্ট দমদম, জেলা উত্তর ২৪ পরগণা।

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. R$ 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

॥ ১,২০,০০০ টাকা পণে সাফ বিক্রয় কোবালা পত্র ॥

ক্রেতা : — শ্রী বাবলু মন্ডল পিতা শ্রী রমন কৃষ্ণ মন্ডল, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং অর্জুনপুর পূর্ব, থানা রাজারহাট, জেলা উত্তর ২৪ পরগণা।

বিক্রেতা : — ১) শ্রী অলোক কুমার ঘোষ ২) শ্রী স্বপন কুমার ঘোষ উভয়ের পিতা মৃত নগেন্দ্র নাথ ঘোষ, জাতি হিন্দু, পেশা অবসরপ্রাপ্ত বিমানকর্মী, সাং গোপালপুর, থানা এয়ারপোর্ট দমদম, জেলা উত্তর ২৪ পরগণা।

7002
Bablu Mandal
East Arjunpur P.S. Rajarhat
24 Pgs (N)

24.6.99

100 30/-

July 99.


Alok Kr. Ghosh.

5000/
1000/
6000/

অলোক কুমার ঘোষ

1. Alok Kr. Ghosh
2. Swabarn Kr. Ghosh.
S/o Late Nagendra Nath Ghosh
Gopalpur
Airport 24 Pgs

30.7.99



5340
অলোক কুমার ঘোষ



5341
স্বপন কুমার ঘোষ.

Badal Nandi
S/o Amulya Nandi
Gopalpur
Airport.

বাদল নন্দী
পি. অমূল্য নন্দী
গোপালপুর এয়ার
উত্তর 24 পরগনা.

30.7.99

1000Rs.




( ২ )

কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ্

বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট বর্ত্তমান থানা

এয়ারপোর্ট দমদম সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম বর্ত্তমান -

7002
Bablu Mondal
Vill Arjunpur P.S. Rajarhat
24 PGS (N)

24.6.99

৫০০০/
১০০০/
৬০০০/



30 7 99 CM

সাবরেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি সামন রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত কলিকাতা পরগণার মৌজা গোপালপুর গ্রামে ২১১৮ নং তৌজির অধিন মালেক বিজয় কুমার চক্রবর্ত্তী স্থলে বর্তমান মালেক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেকটার মহোদয় অধিকারে আর.এস. হাল ৫৪৫ নং খতিয়ানভুক্ত .৭৭ শতক জমির খাজনা বার্ষিক ৪ টাকা করের রায়ত দখলী স্বত্ত্বীয় জমাজমি যাহা রকম ৮ আনা অংশের জমাজমি আমরা অত্র দলিলের বিক্রেতা ভ্রাতাদ্বয় আমাদের পিতা নগেন্দ্র নাথ ঘোষের এবং ৪ আনা অংশের জমি সলি কুমার ঘোষ এবং অবশিষ্ট ৪ আনা অংশের জমি রূপ কুমার ঘোষ দিগরের খাস স্বত্ত্ব দখলি সম্পত্তি থাকাকালীন রিভিশনাল সেটেলমেন্ট জরীপের উক্ত হাল ৫৪৫ নং খতিয়ানে তাহাদের নাম বরাবর রেকর্ড হইয়া লিপিবদ্ধ হয়। তৎপরে আমাদের পিতা নগেন্দ্র নাথ ঘোষ মহাশয় পরলোক গমন করিলে তাহার একমাত্র ওয়ারেশ পুত্রদ্বয় আমরা অত্র কোবালা দলিলের ভ্রাতাদ্বয় হিন্দু দায়ভাগ বিধান মতে পৈত্রিক স্বত্ত্ব ওয়ারেশান উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া আমাদের অপর সরীক সলিল কুমার ঘোষ এবং রূপ কুমার ঘোষ দিগরের সহিত যৌথ এজমালে ভোগ দখল করিতে থাকাকালীন পরস্পরের ভোগ দখলের সুবিধার্থে আমরা একমতাবলম্বী হইয়া গত ইংরাজী ৪.১.১৯৯৩ তারিখে বিধান নগর সল্টলেক সিটি সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১নং বহির ১নং ভলুমের ২৩১ – ২৫০ পাতায় নকলকৃত ২৭ নং এককেতা বন্টন নামা কোবালা দলিল মূলে আমরা এবং আমাদের অপর উপরিউল্লিখিত দুই সরীক আমাদের নিজ নিজ অংশের জমাজমি আপোষে বিভাগ বন্টন করিয়া লই। বিভাগ বন্টনকালীন বন্টন নামা দলিলের (ঘ) তপশীল বর্ণিত সম্পত্তি

District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
30 7 19

আমরা অত্র কোবালা দাতা বিক্রেতা ভ্রাতাদ্বয় আমাদের অংশে কৃত চিহ্নিত মতে নির্দিষ্ট হয়। সেমতে আমরা আমাদের নিজ নিজ অংশের প্রাপ্ত উক্ত হাল ৫৪৫ নং খতিয়ান ভুক্ত সাবেক ৩৮৮০ নং হাল ২৮১৭ নং দাগস্থিত .১১ শতক জমি সহ আরও উক্ত গোপালপুর মৌজার অন্যান্য দাগ, খতিয়ানভুক্ত জমি লইয়া সর্ব মোট ২.০১৭৪ শতক জমি জমাতে আমার নির্ব্যূঢ় স্বত্বে খাসে অন্যের নিরাংশে সর্বপ্রকার উপস্বত্বাদি গ্রহনে নির্বিবাদে অদ্যবধি ভোগ দখল করিয়া আসিতেছি। যাহা আমাদের বিক্রয়াদির যোগ্য উত্তম নির্ব্যূঢ় স্বত্বাধিকার বর্তমান আছে।

এক্ষণে আমাদের নিজ নিজ নানা প্রকার বৈধ কার্য্যের জন্য নগদ টাকার প্রয়োজনে আমাদের খাসে থাকা খাস দখলী সম্পত্তির মধ্যে গোপালপুর মৌজার হাল ৫৪৫ নং খতিয়ানভুক্ত হাল ২৮১৭ নং দাগস্থিত অত্র দলিল সংলগ্ন প্ল্যানে চিহ্নিত লাল রেখার দ্বারা সীমাবদ্ধ কমবেশী ২ দুই কাঠা ০১ ছটাক ০৮ আট বর্গফুট জমি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় খাসে আমাদের দখলে থাকাকালীন আমরা একযোগে একমতাবলম্বী হইয়া সাফ বিক্রয় এর ঘোষণা করিলে আপনি অত্র দলিলের ক্রেতা খরিদ করিতে ইচ্ছুক হইয়া বর্তমান বাজার দরে সর্বোচ্চ মূল্য মং ১,২০,০০০ এক লক্ষ কুড়ি হাজার টাকা পণ বাবদ দিতে স্বীকৃত হওয়ায় আমরা তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে পণের সম্পূর্ণ ১,২০,০০০ টাকা নিম্ন জায় মোতাবেক বুঝিয়া পাইয়া উক্ত টাকার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে নিম্ন তপশীল বর্ণিত ২ কাঠা ০১ ছটাক ০৮ বর্গফুট জমি আপনার নিকট সাফ বিক্রয় করিয়া অত্র বিক্রীত সম্পত্তি হইতে আমরা এককালীন চিরনিঃস্বত্ব দখলচ্যুত হইলাম এবং অত্র বিক্রীত সম্পত্তিতে –

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
30799

আপনাকে অদ্যই খোলসা খাস দখল ছাড়িয়া দিলাম। আপনি অদ্যকার তারিখ হইতে আমাদের নির্ব্যূঢ় স্থলে স্বত্ববান ভোগবান মালিক দখলিকার হইয়া মালেকান সরকারে স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমাদের নামে পরিবর্ত্তে আপনার নিজ নাম পত্তন করতঃ নিরূপিত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে খারিজ দাখিল লইয়া দান বিক্রয় কবক ইত্যাদি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে এবং সর্ব্বপ্রকারের স্বত্বাধিকারী হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে যদিচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন।

অত্র বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংশ্রব লভ্য, হক, হকিয়ৎ ও অধিকারাদি ছিল বা আছে তাহা সমস্তই অদ্যকার তারিখ হইতে আমাদের হতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র কোবালার বলে সম্পূর্ণরূপে আপনাতে বর্ত্তিল।

কস্মিনকালে অত্র বিক্রীত সম্পত্তিতে আমরা কিম্বা আমাদের ওয়ারেশান স্থলাভিষিক্ত গণক্রমে কাহারো কোন প্রকার দাবী দাওয়া কিম্বা ওজরাপত্য চলিবে না, করিলেও তাহা সর্ব্বস্থলে সর্ব্বাদালতে বাতিল অগ্রাহ্য এবং নামঞ্জুর হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্ব্বে কোথাও কাহারও নিকট কোন প্রকারের বিক্রীর চুক্তিতে মৌখিক বা লিখিতভাবে চুক্তিবদ্ধ হই নাই বা উহা কোন জামিনের দায়ে কোন প্রকার দায় সংযোগাদি করি নাই বা উহা কোন এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা উহা রাজারহাট অপামিটি টাউনশীপ এ্যাক্টের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন আদালতের বিষয়ভুক্ত এবং ট্রাস্টভুক্ত নুনামকৃত সম্পত্তি নহে উহাতে অপর কোন শরিক বা অংশীদার নাই বা উহা কোন অপর কাহারো দখলে নাই বা উহা কোন সরকারী আধা সরকারী প্রতিষ্ঠান হইতে গৃহীত হয় নাই বা উহাতে কোন চার্জ্জ নাই, উহা কোন প্রতিষ্ঠানে অর্পনাদি করি নাই –



Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
30 7 99

আমরা কাহারো বেনামদার নহি উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় খাসে আমাদের দখলে থাকাকালীন আমরা একযোগে সাফ বিক্রয় করিলাম।

ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্ব দখলের কোনরূপ বিঘ্ন বা ক্ষতি হয় কিম্বা আপনার খরিদা সম্পত্তির কোন অংশ হইতে বেদখল হন তাহা হইলে আপনার সম্পূর্ণ ক্ষতি পূরন করিয়া দিতে আমরা ওয়ারেশান স্থলাভিষিক্ত পণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিল।

অত্র কোবালা দলিল কোন প্রকার ভুল ভ্রান্তি হইলে আপনার খরিদা স্বত্ব সুদৃঢ় করনার্থে প্রয়োজনবোধে আপনার খরচায় আপনার বরাবর ভ্রম সংশোধন পত্র বা পরিপূরক দলিলাদি বিনা পণে বিনা ওজরে রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা ওয়ারেশান পণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ও রহিল।

যেকোন সরকারে সেটেলমেন্ট অফিসে স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আপনার নাম পত্তনের জন্য আমাদের কোন দস্তখতের প্রয়োজন হইলে তাহাও আমরা আপনার বরাবর বিনা ওজরে দস্তখত করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল।

এতদর্থে আপন খুশিতে সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে দলিলের মর্ম সমূহ পাঠ করিয়া মর্মাদি সম্যক অবগত হইয়া এবং পণের সম্পূর্ণ ১,২০,০০০্ এক লক্ষ কুড়ি হাজার টাকা নিম্ন তায় মোতাবেক বুঝিয়া পাইয়া উক্ত টাকার প্রাপ্তি স্বীকারে আপনার বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল নিম্নের স্বাক্ষরকারী সাক্ষীগনের সম্মুখে সহি সম্পাদন করিয়া রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন ১৪০৬ সালের — ১৩ ই শ্রাবণ ——— ইংরাজী ১৯৯৯ সালের - ৩০ শে জুলাই,

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
30 7 17

:: তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ::

জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট বর্ত্তমান থানা এয়ারপোর্ট দমদম সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম বর্ত্তমান সাবরেজিষ্ট্রী অফিস বিধান নগর সল্টলেক সিটি সামিল রাজারহাট গোপালপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত কলিকাতা পরগণার মৌজা গোপালপুর গ্রামের জে :এল: নং ২, রে: সা: নং ১৪০ তৌজি নং ২১১৮ আর· এস· হাল ৫৪৫ নং খতিয়ানভুক্ত রায়ত দখলী স্বত্বীয় ·৭৭ শতক জমির খাজনা বার্ষিক ৪ টাকা করের জমাজমি মধ্যে সাবেক দাগ নং ৩৮৮০ হাল দাগ নং ২৮৯৭ (আঠাশ শত সাতানব্বই) দাগস্থিত শালি জমি·১১ শতক মধ্যে অত্র দলিল সংলগ্ন প্ল্যানে চিহ্নিত লাল রেখার দ্বারা সীমাবদ্ধ কমবেশী ২ (দুই) কাঠা ০১ এক, ছটাক ০৮ আট বর্গফুট জমির খাজনা হারাহারী মতে বার্ষিক ২৭ পয়সা করের জমাজমি যায় যাতায়াত রাস্তার যাতায়াতের অধিকার বৃক্ষাদি সর্ব্বপ্রকারের স্বত্ত্বাধিকার সহ সাফ বিক্রয় করিলাম।

অত্র দলিল সংলগ্ন প্ল্যান দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

:: যাহার চৌহদ্দি ::

উত্তরে : — দাগ নং - ২৮৯৭ ।

দক্ষিণে : — দাগ নং - ২৮৯৭ ।

পূর্ব্বে : — দাগ ২৯১১ ।

পশ্চিমে : — ২০ ' ফুট চওড়া কমন প্যাসেজ যাহা ২১১নং রোডের সহিত মিশিয়াছে ।

Addl. District Sub-Registrar
Bidhannagar (Salt Lake City)
30 7 99

:: পণের প্রাপ্ত টাকার জায় ::

১০০ , টাকার নোট ১২০০ কেতায় মং - ১,২০,০০০ , টাকা
এক লক্ষ কুড়ি হাজার টাকা নগদ বুঝিয়া পাইলাম।

মুসাবিদাকারক ::
( শ্রী রমেশ মুখার্জী )
সাং রেকজুয়ানী রাজারহাট
জেলা উত্তর ২৪ পরগণা। বাড়ী ফোন
নং ৫৭৩ - ২১৯৫। লাইসেন্স নং
ডি.ডব্লু. X। - ২৪ কাশীপুর দমদম অফিস।

ইসাদী : –
১।
২।

টাইপকারক ::
সাউথ সিঁথি , কলি :৫০।


Addl. District Sub-Registrar,
Bidhannagar (Salt Lake City)
30 7 99

Book No. I
Volume No. 79
Pages 2673 to 2712
Being No. 2932
for the year 19 99

6-8-99

E PLAN ON R.S. DAG NO- 2897(P)
S. NO-140, MOUZA - GOPALPUR, J.L. NO-2
P.S. - AIR PORT, DIST- 24 PARGANAS (N)
SCALE - 20'-0" = 1" (INCH)

| NAME OF THE VENDOR | AREA K-CH-SFT |
|---|---|
| BABLU MONDAL | 2-0-08 |




VENDOR SIG

... District Sub-Re...
Bidhannagar (Salt Lake City)
30 7 99

... I
... No. 73
Page 24 ...
Being No. 29032
for the year 99

19